দৈনিক বাংলা

তারিখ ২৪.২.৮৩ পৃষ্ঠা ১ কলাম ২

002

# নবম শ্রেণীর পাঠ্যবই প্রকাশঃ এক সেটের দাম ১৩০ টাকা

(স্টাফ রিপোর্টার)

বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি রোববার তাদের নবপ্রকাশিত নবম ও দশম শ্রেণীর এক সেট পাঠ্যপুস্তক আনুষ্ঠানিকভাবে শিক্ষামন্ত্রীকে উপহার দিয়েছে। নবপ্রকাশিত বইগুলোর মধ্যে রয়েছে একটি ইংরেজী, একটি বাংলা, একটি বাংলা ব্যাকরণ ও দুটি অংকের বই। এছাড়াও রয়েছে পূর্বপ্রকাশিত আরো ৮টি পুস্তক।

দেশের প্রায় ৩ লাখ নবম শ্রেণীর ছাত্রছাত্রীর জন্যে এই বই এক হাজার পরিবেশকের মাধ্যমে বাজারে ছাড়া হবে।

সচিবালয়ে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে শিক্ষা ও সংস্কৃতি মন্ত্রী ডঃ এ মজিদ খান বলেন যে পাঠ্যপুস্তক প্রকাশনার ক্ষেত্রে এটি একটি উল্লেখযোগ্য সাফল্য। এর ফলে পাঠ্যপুস্তক সংগ্রহের ব্যাপারে এতদিন ছাত্রদের যে অসুবিধা হতো, তার অবসান ঘটবে।

পাঠ্যপুস্তক প্রসঙ্গে শিক্ষামন্ত্রী আরো বলেন যে এসব বই কারিকুলাম অনুযায়ী বিশেষজ্ঞ শিক্ষকদের দ্বারা প্রণীত হয়েছে। প্রয়োজনবোধে এসব পুস্তকের পর্যালোচনা করে সংশোধনেরও সুযোগ রয়েছে।

ডঃ খান এক সেট বইয়ের দাম ১৩০ টাকার উল্লেখ করে বলেন যে সরকারী কোনরকম ভর্তুকি ছাড়াই শুধুমাত্র সুষ্ঠু ব্যবস্থাপনার জন্যেই বইয়ের দাম এত কম করা সম্ভব হয়েছে।

বিজ্ঞান বিষয়ক পাঠ্যপুস্তকগুলো আগামী মাসের দ্বিতীয় সপ্তাহে

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## পাঠ্যবই প্রকাশ

(১-এর পৃঃ পর)

প্রকাশিত হবে বলে মন্ত্রী উল্লেখ করেন।

মন্ত্রী আরো বলেন যে পাঠ্যপুস্তক প্রকাশনা সম্পর্কে ইতিপূর্বে বিভিন্ন পদক্ষেপ নেয়া হলেও ছাত্ররা যথাসময়ে বই হাতে পায়নি। কিন্তু বর্তমান সরকারের নতুন পদক্ষেপ গ্রহণের ফলেই তা সম্ভবপর হয়েছে। এ প্রসঙ্গে তিনি উল্লেখ করেন যে পাঠ্যপুস্তক প্রকাশের জন্যে গত বছরের জুনেই সিদ্ধান্ত নেয়া হয়েছিল।

অতি সংক্ষিপ্ত সময়ে পাঠ্যপুস্তক প্রকাশের জন্যে শিক্ষামন্ত্রী ডঃ খান পুস্তক প্রকাশক সমিতিকে ধন্যবাদ জানান।

সমিতির সভাপতি জনাব জাহাঙ্গীর মোহাম্মদ আদেল পুস্তক প্রকাশের সুবিধার জন্য যথাসময়ে পুস্তকের পান্ডুলিপি প্রকাশকদের কাছে পৌঁছে দেবার আহবান জানান।